




একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০২.১২-৮৭

তারিখঃ ০৬/৮/২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ ঋণ খাতের অর্থ ব্যতিত প্রকল্পের ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ প্রকল্প সদর দপ্তরে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের মেয়াদ ৩০ জুন, ২০১৮ খ্রিঃ তারিখে সমাপ্ত হয়েছে। প্রকল্প মেয়াদে (জানুয়ারী ২০১২ হতে জুন ২০১৮) কার্যক্রম পরিচালনার স্বার্থে প্রকল্প সদর দপ্তর হতে বিভিন্ন খাতে তহবিল ছাড় করা হয়েছে। উপজেলায় পর্যায় ৩০ জুন, ২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশের হিসাব প্রদানের জন্য স্মারক নং-০৫১, তারিখ: ২৬/০৭/২০১৮ খ্রিঃ মূলে পত্র দেয়া হয়। উপজেলা দপ্তর হতে ঋণ খাতের অর্থ ব্যতিত অন্যান্য খাতের অব্যয়িত অর্থের যে হিসাব প্রদান করা হয়েছে সে আলোকে অব্যয়িত অর্থ সরাসরি প্রকল্প সদর দপ্তরে IRESPPW, BRDB, Dhaka শিরোনামে এমআইসিআর ক্রস চেক/ডিডি আকারে আগামী ১৪/০৮/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রকল্প মেয়াদে কর্মকালীন সময়ে কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা বাবদ স্থগিতকৃত অর্থ প্রকল্প/কর্মসূচির কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ভবিষ্যতে পরিশোধযোগ্য বিধায় উক্ত স্থগিতকৃত বেতন-ভাতার অর্থ ফেরত প্রদান না করে উপজেলার ব্যাংক হিসাবে রক্ষিত থাকবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা ঃ-----,
জেলা ঃ-----।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা ঃ----- (বিষয়টি তদারকীর অনুরোধসহ)।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), ইরেসপো, বিআরডিবি, -----উপজেলা, -----জেলা।
৪. পরিচালক (অর্থ/পমূপ/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।